

## দিনাজপুরে অধ্যক্ষের বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ

■ স্টাফ রিপোর্টার, দিনাজপুর

দিনাজপুরের পার্বতীপুর আইনুল হুদা ফাজিল মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে।

পার্বতীপুর আইনুল হুদা ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ রিয়াজুল ইসলাম ও অফিস সহকারী আজিবুর রহমানের মাধ্যমে প্রতিবছর বিভিন্ন খরচের অজুহাত দেখিয়ে উপবৃত্তির টাকা বিতরণের পূর্বে শিক্ষার্থীদের কাছ থেকে ১ হাজার টাকা করে আদায় করা হয়। প্রতিবারের ন্যায় এবারও ১৩ জন শিক্ষার্থীদের কাছ থেকে জনপ্রতি ১ হাজার টাকা করে ১৩ হাজার টাকা হাতিয়ে নেয়ার ঘটনা প্রকাশ পায়।

৩য় বর্ষের ছাত্রী লাকী বানু, আসমাউল হোসনা ও নূরজাহান বেগমসহ আরো অনেকে প্রতিবার চেয়ে দিনাজপুর জেলা শিক্ষা অফিসারের বরাবর লিখিত অভিযোগ করেন।

পরবর্তীতে অধ্যক্ষ ও অফিস সহকারী ছাত্রীদের মাদ্রাসায় ডেকে এনে ছফকি দেয় এবং জোর করে সাদা কাগজে প্রত্যেকের কাছ থেকে স্বাক্ষর নেয়।

এ ব্যাপারে অধ্যক্ষ রিয়াজুল ইসলামের সাথে সাক্ষাৎের চেষ্টা করা হলে তিনি মাদ্রাসা থেকে পালিয়ে যান। এদিকে অফিস সহকারী আজিবুর রহমানের কাছে বিষয়টি জানতে চাইলে তিনি অপারগতা প্রকাশ করেন।

উপজেলা শিক্ষা অফিসার সূত্রের আলী বহুল বলেন, আমাদের কাছে অধ্যক্ষ রিয়াজুল ইসলাম ও অফিস সহকারী আজিবুর রহমানের বিরুদ্ধে উপবৃত্তির টাকা আত্মসাতের অভিযোগ এসেছে। এই অভিযোগ পাওয়া মাত্রই আমরা প্রত্যেক শিক্ষার্থীদের বাসায় গিয়ে অভিযোগের সত্যতা পাই। তদন্ত শেষে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।